

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
পটুয়াখালী জেলা

নাগরিক সেবার তথ্যাবলি (সিটিজেন চার্টার)

নাগরিক সেবার তালিকা(সদর দপ্তর / রেঞ্জ / ব্যাটালিয়ন / জেলা / উপজেলা)

ক্রমিক নং	সেবার নাম	সেবার পর্যায় সদর দপ্তর / রেঞ্জ / ব্যাটালিয়ন / জেলা / উপজেলা
১	মৌলিক ,কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান	উপজেলা, জেলা, রেঞ্জ, ভিটিসি ও আনসার ভিডিপি একাডেমি
২	সরকারী-বেসরকারী সংস্থায় সাধারণ আনসার অঙ্গীভূতকরণের মাধ্যমে নিরাপত্তা প্রদান	জেলা
৩	আনসার ভিডিপি সদস্য হিসেবে প্রত্যয়ন পত্র ইস্যু	জেলা
৪	আবেদনের ভিত্তিতে তথ্য প্রদান	উপজেলা, জেলা, রেঞ্জ , ব্যাটালিয়ন ও আনসার ভিডিপি একাডেমি ও সদর দপ্তর
৫	আবেদনের ভিত্তিতে স্বেচ্ছাসেবী আনসার ভিডিপি সদস্য প্লাটুনভুক্তকরণ	উপজেলা
৬	সরকারী-বেসরকারী সংস্থায় অঙ্গীভূত করণের লক্ষে সাধারণ আনসার প্যানেল প্রস্তুতকরণ ও অফার প্রদান	জেলা
৭	আবেদনের ভিত্তিতে স্বেচ্ছাসেবী ইউনিয়ন /ওয়ার্ড দলনেতা-দলনেত্রী নিয়োগ	জেলা

নাগরিক সেবার তথ্য সারণী

ক্র/নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা /কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবা প্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাঃ/ আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট/আইন/বিধি/ নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ
০১.	জেলা, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়	মৌলিক, কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান	জেলা কমান্ড্যান্ট, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, উপজেলা প্রশিক্ষক ও প্রশিক্ষিকা, ইউনিয়ন দলনেতা ও দলনেত্রী	আর্থিক বছরের শুরুতে বাৎসরিক প্রশিক্ষণ নির্দেশিকা প্রাপ্তির পর উপজেলা কর্মকর্তা, উপজেলা প্রশিক্ষক ও প্রশিক্ষিকা, ইউনিয়ন দলনেতা ও দলনেত্রীর সাথে পরামর্শক্রমে প্রাথমিক প্রশিক্ষণার্থী বাছাইপূর্বক জেলা কমান্ড্যান্টের নিকট প্রেরণ করেন। জেলা কমান্ড্যান্ট উপজেলা হতে প্রাপ্ত তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত তালিকা প্রণয়ন ও প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করেন। আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থীদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করে সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন।	প্রশিক্ষণের সময় ব্যতীত প্রায় ১৫ দিন (বার্ষিক) নির্দেশিকা অনুযায়ী নির্দিষ্ট সময়)।	বিনামূল্যে	১.গ্রাম প্রতিরক্ষা দল আইন ১৯৯৫ ২.আনসার বাহিনী আইন ১৯৯৫ ৩.আনসার বাহিনী প্রবিধানমালা ১৯৯৬ ১.বাৎসরিক প্রশিক্ষণ নির্দেশিকা	১.জেলা কমান্ড্যান্ট, রেঞ্জ পরিচালক
০২.	জেলা, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়	সরকারী-বেসরকারী সংস্থায় সাধারণ আনসার অঙ্গীভূতকরণের	জেলা কমান্ড্যান্ট,	প্রত্যাশিত সংস্থাকে নিরাপত্তার জন্য আনসার সদস্য চেয়ে নির্ধারিত ফরমে জেলা কমান্ড্যান্টের বরাবর আবেদন করতে হয়। সংস্থার আবেদনের প্রেক্ষিতে জেলা কমান্ড্যান্ট সংশ্লিষ্ট	১০ দিন	নিরাপত্তা সেবা প্রাপ্তি নিশ্চিত হলে যতজন আনসার	১.আনসার প্রবিধিমালা ২০০৬ ২.আনসার বাহিনী আইন -১৯৯৫	রেঞ্জ পরিচালক ও সদর দপ্তর

		মাধ্যমে নিরাপত্তা প্রদান		উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে সরজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিলের নির্দেশ দেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে জেলা কমান্ড্যান্ট নিজে কিংবা ক্ষেত্র বিশেষ তার উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে অধিকতর যাচাই করে নিজস্ব মতামতসহ সম্মিলিত পরিদর্শন প্রতিবেদন রেঞ্জ কমান্ডারের নিকট উপস্থাপন করেন। রেঞ্জ কমান্ডার প্রতিবেদনের যৌক্তিকতা ও ক্ষেত্র বিবেচনা করে সন্তোষজনক পেলে মহা পরিচালকের নিকট প্রেরণ করেন। মহাপরিচালক কর্তৃক সন্তোষজনক বিবেচিত হলে অনুমোদন করে জেলা কার্যালয়ে প্রেরণ করেন। অতঃপর আবেদনকারীর আবেদন অনুযায়ী প্রয়োজনীয় আনসার সদস্য মোতায়েন করা হয়।		সদস্য নিরাপত্তার জন্য নিয়োজিত হবেন তাদের প্রত্যেকের তিন মাসের বেতন ভাতা এবং প্রত্যেকের প্রতিদিনের ভাতার ১৫% আনুষঙ্গিক হিসেবে জেলা কমান্ড্যান্ট এর নিকট চেকের মাধ্যমে অগ্রিম প্রদান করতে হবে।	৩. অঙ্গীভূত আনসার নীতিমালা- ২০১৭	
০৩.	জেলা কমান্ড্যান্টের কার্যালয়	আনসার ভিডিপি সদস্য হিসেবে প্রত্যয়ন পত্র ইস্যু	জেলা কমান্ড্যান্ট,	প্রত্যয়নপত্রের জন্য আনসার ও ভিডিপি সদস্যরা জেলা কমান্ড্যান্টের নিকট আবেদন দাখিল করেন। জেলা কমান্ড্যান্ট প্রাপ্ত আবেদন যাচাই এর জন্য সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি অফিসারের (ইউএভিডিও) এর নিকট প্রেরণ করেন। ইউএভিডিও প্রাপ্ত আবেদনের সঠিকতা যাচাই করে মতামত প্রতিবেদন দেন। প্রাপ্ত মতামত	০৩ দিন	বিনামূল্যে	১. আনসার বাহিনী আইন -১৯৯৫ ২. গ্রাম প্রতিরক্ষা দল আইন -১৯৯৫	রেঞ্জ পরিচালক

				প্রতিবেদনের ভিত্তিতে জেলা কমান্ড্যান্ট প্রত্যয়ন প্রদান করেন। এবং জেলা থেকে আবেদনকারীগণ তা সংগ্রহ করে থাকেন।				
০৪.	জেলা কমান্ড্যান্টের কার্যালয়	আবেদনের ভিত্তিতে স্বেচ্ছাসেবী ইউনিয়ন /ওয়ার্ড দলনেতা-দলনেত্রী নিয়োগ	জেলা কমান্ড্যান্ট,	ইউনিয়ন দলনেতা/দলনেত্রীর পদ শূন্য হলে সংশ্লিষ্ট ইউনিয়নের আনসার সদস্যদের মধ্যে হতে উক্ত পদ পূরন করা হয়। এ জন্য জেলা কমান্ড্যান্ট এর বরাবর আবেদন করে উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে দাখিল করতে হয়। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার আবেদন গুলোকে একীভূত করে জেলা অফিসে প্রেরণ করেন। জেলা কমান্ড্যান্ট আবেদনকারীদের ডেকে যাচাই বাছাই করেন। নির্বাচিতদের প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়। যারা প্রশিক্ষণে উত্তীর্ণ হন তাদেরকে ইউনিয়ন দলনেতা/দলনেত্রী হিসেবে নিয়োগ প্রদান করা হয়।	শূন্যপদের ভিত্তিতে	বিনামূল্যে	১.আনসার ও ভিডিপি আইন - ১৯৯৫	রেঞ্জ ও সদর দপ্তর